# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২০-৩৩৭

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮ / ১৪ জুন, ২০২১

**বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ**

সূত্র: নং-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০(১১)১৫৩; তারিখ: ০১ জুন ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। এমতাবস্থায়, প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১৪.০৬.২০২১

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

১৪/০৬/২১

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২০-৩৩৭(৮)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮ / ১৪ জুন, ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৬. সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/ পরীক্ষা নিয়ন্ত্রক / পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৪/৬/২১

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা- ১০০০।
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০(১১) ১৫৩ তারিখ: ০১ জুন ২০২১

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিষ্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহবান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তিটি ২৫ মে ২০২১ তারিখের "দৈনিক যুগান্তর, দৈনিক ইত্তেফাক, দৈনিক আমাদের সময়" এবং ২৭ মে ২০২১ তারিখে " দৈনিক প্রথম আলো ও বাংলাদেশ প্রতিদিন" পত্রিকায় প্রকাশিত হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাচ্ছে। অনলাইনে আবেদনের লিংক htt:// stipen.wewb.govbd/stipend

২.০ আবেদনপত্র ৩০ জুন ২০২১ তারিখ বিকাল ০৫ টার মধ্যে অনলাইনে/সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (৯ম তলা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা-১০০০ এর দপ্তরে পৌঁছাতে হবে।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষবৃত্তি প্রদানের লক্ষ্যে আপনার বোর্ডের অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ পাতা।

(আরিফ আহিমেদ খান)
উপ-সচিব
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
Email: d.irp@wewb.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে -
০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য )
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিবের সদয় অবগতির জন্য )
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালকের সদয় অবগতির জন্য )
০৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০.(১১)-১৪৪ তারিখ:-২০/০৫/২০২১খ্রিঃ

## এসএসসি/সমমান ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি -২০২০" এর দরখাস্ত আহবান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার / বর্ষে) শ্রেণীতে অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে এবং সরাসরি দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাবলী:

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

(ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন;

(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।

(২) শিক্ষার্থীর জিপিএ/সিজিপিএ: নিম্নের ছকে বর্ণনা অনুযায়ী জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ | |
|---|---|---|---|---|
| | | | প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ১। | এসএসসি/সমমান | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |

**(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার সপক্ষে প্রমাণক হিসাবে আনুষজ্ঞিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা / স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ এর ফটোকপি;(অনলাইনে আবেদনকারীর জন্য প্রযোজ্য নয়)।

খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যূকৃত NOC (দূতাবাস সনদ)

**(৪) বৃত্তির পরিমাণ:**

(ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যায়নরতদের ০৪(চার) বছর মাসিক ২,০০০/-(দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;

(খ) বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষ
জ্ঞিক খরচ বাবদ ৩,৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে;

**(৫) আবেদনের প্রক্রিয়া:**

ক) অনলাইনে আবেদনের লিংক: **http://stipen.wewb.gov.bd/stipend**

খ) সরাসরি আবেদনের জন্য বোর্ডের ওয়েবসাইট **www.wewb.gov.bd** হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করা যাবে;

১. সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে অনলাইনে/ সরাসরি / ডাকযোগে পরিচালক (আইআরপি) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;

২. শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই ফরমে উল্লেখ করতে হবে;

**(৬) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

*** যে কোন তথ্যের জন্য ২৪/৭"প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহে: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২৯৩৩৪৮৮৮ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২০.০৫.২০২১

আরিফ আহমেদ খান
উপ-সচিব
পরিচালক (আইআরপি)